গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
সংসদ ও সমন্বয় শাখা

মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **ড. নমিতা হালদার এনডিসি**<br>ভারপ্রাপ্ত সচিব<br>প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়। |
| সভার তারিখ ও সময় | : | ২৫.০৭.২০১৭ বেলা ২.৩০ ঘটিকা। |
| সভার স্থান | : | মন্ত্রণালয়ের সভা কক্ষ। |
| সভার উপস্থিতি কর্মকর্তাবৃন্দ | : | পরিশিষ্ট ‘ক’ দ্রষ্টব্য। |

সভার শুরুতে নবাগত সচিব মহোদয়কে ফুল দিয়ে বরণ করা হয়। সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। পরিচিতি পর্বের পর সভায় গত ২৮-০৫-২০১৭ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করা হলে কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়। নবাগত সচিব মহোদয়কে এ মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার কার্যক্রম সম্পর্কে সম্যক ধারণা প্রদানের জন্য মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ স্ব-স্ব প্রতিষ্ঠানের বিষয়ে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করা হয়। অতঃপর সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহ বিস্তারিত আলোচনা হয় এবং সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

**আলোচনা ও সিদ্ধান্ত** ঃ

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১.১ইনোভেশন কমিটির কার্যক্রম | ক) দ্রুততম সময়ের মধ্যে অন লাইনে সিআইপি আবেদন গ্রহণের সকল প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।<br><br>খ) দপ্তর/সংস্থার নির্ধারিত উদ্ভাবনী কর্ম পরিকল্পনা বাস্তবায়ন সম্পন্ন করতে এ বিষয়ে মনিটরিং জোরদার করতে হবে।<br><br>গ) ভিসা চেকিং এ্যাপসটির | ক) Management CIP Software তৈরী সম্পন্ন করা হয়েছে। ২/৩ বার ডেমোনেস্ট্রশন করা হয়েছে এবং চাহিদা ও পরামর্শ মোতাবেক সংশোধন করা হয়েছে। সহকারী প্রোগ্রামার জানান, সিআইপি আবেদনের সফটওয়্যারটি শ্রীঘ্রই ন্যাশনাল ডাটাসেন্টারে প্রেরণ করা হবে।<br><br>খ) দপ্তর/সংস্থার নির্ধারিত উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৭ এর বাস্তবায়ন ত্বরান্বিত করতে মনিটরিং জোরদার করা হয়েছে।<br><br>গ) ভিসা চেকিং মোবাইল এ্যাপস্‌টির কার্যকারিতা সম্পর্কে প্রচার | ক) অনলাইনে সিআইপি আবেদন গ্রহণের কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।<br><br>খ) দপ্তর/সংস্থার নির্ধারিত উদ্ভাবনী কর্ম পরিকল্পনার যথাসময়ে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।<br><br>গ)মোবাইল ফোনের মাধ্যমে | ক) যুগ্মসচিব বাজেট ও সেবা), সহকারী প্রোগ্রামার, আইটি সেল।<br><br>খ) দপ্তর/সংস্থা (সকল)<br><br>গ) মহাপরিচালক বিএমইটি |

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | বিষয়ে প্রচারণা অব্যাহত রাখতে হবে। | প্রচারণা অব্যাহত আছে মর্মে বিএমইটি হতে জানানো হয়। | অনলাইন ভিসা চেকিং এ্যাপস্‌টির বিষয়ে প্রচারণা অব্যাহত রাখতে হবে। | |
| ২.১ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি | ১। একটি কর্মপরিকল্পনা তৈরি করে রমজানের পর ১ মাসের মধ্যে মন্ত্রণালয়ের সকল শাখায় ই-ফাইলিং কার্যক্রম বিস্তৃত করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) সভায় ই-ফাইলিংএ এ মন্ত্রণালয়ের অবস্থান তুলে ধরেন এ মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থায় আংশিক ই-ফাইলিং চালু হলেও তা নিয়মিত পরিচালনা করা হচ্ছে না। এটুআই এর মাসিক প্রতিবেদনে মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার অবস্থান ভাল নয়। সভাপতি মহোদয় ই-ফাইলিং কার্যক্রম জোরদার করার জন্য সকলকে আহবান জানান। ই-ফাইলিং এর অফিস এডমিনকে এটুআই এর সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করার জন্য অনুরোধ করা হয়। তাছাড়া, কোনও কর্মকর্তা বদলী হয়ে চলে গেলে অথবা এ মন্ত্রণালয়ে যোগদান করলে অথবা কর্মবন্টনে দায়িত্ব পরিবর্তন হলে সাথে সাথে ই-ফাইলিং এ তাঁর অবস্থান সংযোজন/বিয়োজন/পরিবর্তন করা প্রয়োজন। পদোন্নতি প্রাপ্ত কর্মকর্তাদের পদবী পরিবর্তন করার জন্য এটুআই এর টেকনিক্যাল টীমকে অবহিত করতে হবে। সহকারী প্রোগ্রামার তথা অফিস এডমিন (ই-ফাইলিং) এ বিষয়ে বলেন, কোন কর্মকর্তা বদলী হয়ে গেলে অথবা এ মন্ত্রণালয়ে যোগদান করলে কিংবা কারো ডেস্ক পরিবর্তন হলে সেই অফিস আদেশগুলোর অনুলিপি আইটি শাখায় সাথে সাথে প্রেরণ করা প্রয়োজন\| | ক) মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার ই-ফাইলিং কার্যক্রম জোরদার করতে হবে।<br><br>খ) সভার নোটিশ, কার্যবিবরণী এবং সকল অফিস আদেশ ই-নথিতে প্রেরণ করতে হবে।<br><br>গ) বদলী/পদায়ন/শাখা পরিবর্তন ইত্যাদি ক্ষেত্রে ই-নথি ব্যবস্থাপনা হালনাগাদ রাখার লক্ষ্যে এ সংক্রান্ত পত্রাদির কপি আইটি শাখায় প্রেরণ করতে হবে।<br><br>ঘ) মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার ওয়েবসাইটসমূহ হালনাগাদ রাখতে হবে এবং প্রতি সমন্বয় সভায় ওয়েবসাইটের সর্বশেষ আপডেট উপস্থাপন করতে হবে। | প্রশাসন শাখা এবং সহকারী প্রোগ্রামার ও অফিস এডমিন (ই-ফাইলিং) |
| | ২। মন্ত্রণালয় ব্যাক আপসহ নিরবচ্ছিন্ন ইন্টারনেট সুবিধা দ্রুত কার্যকর করতে হবে। | ২) মন্ত্রণালয়ের নিরবচ্ছিন্ন ইন্টারনেট সুবিধা প্রাপ্তির স্বার্থে BTCL হতে চলমান ইন্টারনেট সংযোগের পাশাপাশি, Link 3 Technologies Limited হতে ২৫ MBPS ব্যান্ডউইথ এবং BTS Communication LTD হতে ০৫ ব্যান্ডউইথ ইন্টারনেট সেবা প্রদানের জন্য উক্ত দু'টি প্রতিষ্ঠানকে কার্যাদেশ দেয়া হয়েছে। | ২)মন্ত্রণালয়ে নিরবচ্ছিন্ন ইন্টারনেট সুবিধা নিশ্চিত করতে হবে। | উপসচিব (সেবা) ও সহকারী প্রোগ্রামার |

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | ইন্টারনেট সংযোগ প্রদানের লক্ষ্যে ল্যান স্থাপনের কার্যক্রম মন্ত্রণালয়ের সকল ফ্লোরে চলমান আছে মর্মে সহকারী প্রোগ্রামার সভাকে জানান। | | |
| | ৩। প্রকৃত চাহিদা যাচাইপূর্বক শাখায় কম্পিউটার সরবরাহ করতে হবে। | ৩) ২০১৬-১৭অর্থবছরে এ মন্ত্রণালয়ের দাপ্তরিক প্রয়োজনে কম্পিউটার সামগ্রী ইজিপি পদ্ধতিতে ক্রয়ের লক্ষ্যে দরপত্র আইডি নং-৯৬৮২৪ এর মাধ্যমে Global Brand Private Limited ববাবর ৩৩,৪৬,৯০০ (তেত্রিশ লক্ষ ছেচল্লিশ হাজার নয়শত) টাকার Notification of Award (NOA) প্রদান করা হয়েছে। গত ২২/০৫/২০১৭ তারিখে বর্ণিত প্রতিষ্ঠানের সাথে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। প্রতিষ্ঠান নমুনা মোতাবেক ৩৫টি ডেস্কটপ কম্পিউটার (Brand Dell) এবং ০২টি ল্যাপটপ (Brand Dell) সহ অন্যান্য কম্পিউটার সামগ্রী মন্ত্রণা লয়ে সরবরাহ করবে।কম্পিউটারসমূহ যাচাইঅন্তে মন্ত্রণালয়ের শাখাগুলো হতে প্রাপ্ত চাহিদা মোতাবেক জরুরী ভিত্তিতে সরবরাহ করতে হবে। সচিবের কক্ষে একটি ফুলসেট কম্পিউটার সরবরাহ করার বিষয়ে সভাপতি মহোদয় উপসচিব (সেবা) কে অনুরোধ জানান। | ক) সচিব মহোদয়ের কক্ষে একটি ফুলসেট ডেস্কটপ কম্পিউটার সরবরাহ করতে হবে।<br>খ) প্রকৃত চাহিদা যাচাইপূর্বক শাখায় শাখায় নতুন কম্পিউটার সরবরাহ করতে হবে। | উপসচিব (সেবা) ও সহকারী প্রোগ্রামার |
| | ৪। শাখাওয়ারী ফরম প্রস্তুত করতে হবে। | ৪) অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) সভাকে জানান, জাতীয় শুদ্ধাচার কৌশলে সেবা গ্রহীতাদের মতামত গ্রহণের লক্ষ্যে ব্যবস্থা গ্রহণের বিষয়টি উল্লেখ আছে বিধায় মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার সকল শাখায় সেবা গ্রহীতাদের মতামত গ্রহণের জন্য একটি ফরম তৈরী করা প্রয়োজন। ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এ ধরনের ফরম প্রস্তুত করেছে। সভাপতি মহোদয় সংশ্লিষ্ট সকলকে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | সেবাগ্রহীতাদের মতামত গ্রহণের জন্য সরাসরি সেবা প্রদানকারী সকল শাখা/দপ্তরে ফরম প্রস্তুত করতে হবে। | সংশ্লিষ্ট সকল শাখা প্রধান ও দপ্তর/সংস্থা |
| | ৫। অভিযোগ নিষ্পত্তির হার বৃদ্ধির জন্য করণীয় বিষয়ে জরুরী সভা করতে হবে। | ৫) অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) তথা জিআরএস এর আপীল কর্মকর্তা সভাকে জানান, বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ও জাতীয় শুদ্ধাচার কৌশলে অভিযোগ নিষ্পত্তির যে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে এ মন্ত্রণালয় সেই লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ হয়েছে। ইতোমধ্যে | ১। অভিযোগ নিষ্পত্তির হার বাড়াতে হবে।<br>২। মন্ত্রণালয়ের মামলার তালিকা সচিব মহোদয়কে | কর্মসংস্থান অনুবিভাগ ও দপ্তর/সংস্থার (সকল) |

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | | মন্ত্রিপরিষদ বিভাগ এ বিষয়ে মন্ত্রণালয়কে সতর্ক করেছে। অভিযোগ নিষ্পত্তির হার বৃদ্ধিতে করণীয় নির্ধারণের লক্ষ্যে ইতোমধ্যে অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) এর সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। সভাপতি মহোদয় অনিষ্পন্ন অভিযোগগুলোর নিষ্পত্তি বৃদ্ধির জন্য ক্রাস প্রোগ্রাম গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। উপসচিব (কর্মসংস্থান-১ অধিশাখা) বলেন, রিক্রুটিং এজেন্সী সংক্রান্ত অভিযোগসমূহ নিষ্পত্তি অনেক সময়সাপেক্ষ ব্যাপার তারা শুনানীতে উপস্থিত হয় না । বেশীর ভাগ ক্ষেত্রেই অভিযোগ নিষ্পত্তির আগেই মামলা সংক্রান্ত জটিলতা সৃষ্টি হয়। ফলে অভিযোগ নিষ্পত্তির গতি মন্থর হয়ে যাচ্ছে। | সরবরাহ করতে হবে। | |
| ২.২ ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনা | ১। প্রবাসী কর্মীদের ইন্সুরেন্সের আওতায় আনার জন্য গৃহীত কার্যক্রমের অগ্রগতি নিয়মিত সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | ১) বিদেশগামী কর্মীদের সকলকে বীমার আওতায় আনয়নের লক্ষ্যে মন্ত্রণালয়ের অনুরোধের প্রেক্ষিতে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক গত ২৩.০৪.২০১৭ তারিখে এতদ্‌সংক্রান্ত একটি খসড়া নীতিমালা প্রেরণ করা হয়েছে। মাল্টিটেক হোল্ডার মিটিং ও আন্তঃমন্ত্রণালয় সভার মাধ্যমে নীতিমালাটি চূড়ান্ত করা হবে । উল্লেখ্য, কর্মী প্রেরণকারী দেশ (Labour Sending Country) হিসেবে কর্মীদের বীমা সুবিধার আওতায় আনয়নে শ্রীলংকা ও ফিলিপাইনের উদ্যোগ বিশ্বব্যাপী প্রশংসিত বিধায় উক্ত দেশ দুটির উত্তম চর্চাসমূহ মন্ত্রণালয় কর্তৃক সরেজমিনে পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত দেশ দুটি হতে এতদ্‌সংক্রান্ত বিষয়ে প্রাপ্ত অভিজ্ঞতা IDRA হতে প্রাপ্ত খসড়া নীতিমালাটি আরো সমৃদ্ধ করবে এবং তা চুড়ান্তকরণের সহায়ক হবে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। সে অনুযায়ী আগামী এক মাসের মধ্যে উক্ত দেশ দুটি সফরের পরিকল্পনা রয়েছে এবং তার ভিত্তিতে খসড়া নীতিমালাটি চূড়ান্ত করা হবে। মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড সভাকে জানান, প্রবাসীদের বীমা সুবিধা প্রদানের বিষয়ে মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (মিশন ও কল্যাণ) কে আহবায়ক করে গঠিত একটি কমিটি কাজ | প্রবাসী কর্মীদের ইন্সুরেন্সের আওতায় আনার জন্য গৃহীত কার্যক্রমের অগ্রগতি নিয়মিত সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | **উপসচিব (কল্যাণ) ও মহাপরিচালক কল্যাণ বোর্ড** |

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | ২। যুগ্মসচিব (কর্মসংস্থান) এর নেতৃত্বে গঠিত কমিটি পরবর্তী সমন্বয় সভায় অভিবাসনে পিছিয়ে থাকা জেলাগুলো থেকে কর্মী নেয়ার বিষয়ে করণীয় সম্পর্কে সভাকে অবহিত করবেন।<br><br>৩। দূর্যোগপ্রবণ উপজেলাগুলোকে টিটিসি নির্মাণ প্রকল্পে অগ্রাধিকার দিতে হবে। | করছে। বিষয়টি অত্যন্ত সময়সাপেক্ষ । এ বিষয়টি আলোচ্যসূচী হতে বাদ দেয়ার জন্য তিনি সুপারিশ করেন। সভাপতি মহোদয় বলেন, বীমার বিষয়টি এ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর বিভিন্ন সময়ে প্রদত্ত নির্দেশনাসমূহের মধ্যে অন্যতম। সুতরাং প্রতি সমন্বয় সভায় এ বিষয়ে অগ্রগতি সম্পর্কে আলোচনা হওয়া দরকার।<br><br>২) এ মন্ত্রণালয়ের যুগ্মসচিব (কর্মসংস্থান) এর নেতৃত্বে গঠিত কমিটি গত ২৪/০৭/২০১৭ ইং তারিখে এতদবিষয়ে একটি সভা করেছে। এ মন্ত্রণালয়ের উপসচিব (কর্মসংস্থান), উপসচিব এনফোর্সমেন্ট, উপসচিব(সংস্থা), এবং পরিচালক বিএমইটিকে সদস্য হিসেবে রাখা হয়েছে। কমিটি উক্ত সভায় কিছু সুপারিশ প্রণয়ন করেছেন যা **পরিশিষ্ট ‘খ’** আকারে সংযুক্ত।<br><br>৩) দূর্যোগপ্রবণ উপজেলাগুলোকে অগ্রাধিকার দিয়ে উন্নয়ন প্রকল্পের আওতায় উপজেলা পর্যায়ে টিটিসি স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। | ২) পরবর্তী সমন্বয় সভায় কমিটির সুপারিশসমূহের উপর বিস্তারিত আলোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণ করা হবে।<br><br>৩) দূর্যোগপ্রবণ উপজেলাগুলোকে অগ্রাধিকার দিয়ে উন্নয়ন প্রকল্পের আওতায় উপজেলা পর্যায়ে টিটিসি স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। | যুগ্মসচিব (কর্মসংস্থান)<br><br>মহাপরিচালক (বিএমইটি) |
| ২.৩. মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন মনিটরিং | মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনাসমূহের সর্বশেষ বাস্তবায়ন অগ্রগতি প্রতি সমন্বয় সভায় অবহিত করতে হবে। | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে সর্বশেষ ২০ জুলাই, ২০১৭ তারিখ অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) এর সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়েছে। | মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনাসমূহের সর্বশেষ বাস্তবায়ন অগ্রগতি প্রতি সমন্বয় সভায় অবহিত করতে হবে। নিয়মিত প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে। | সংসদ ও সমন্বয় শাখা |
| ২.৪ অডিট আপত্তি সংক্রান্ত | অডিট সংক্রান্ত তথ্যাদির মাসিক প্রতিবেদন সমন্বয় শাখা ও বাজেট অধিশাখায় নিয়মিত প্রেরণ করতে হবে। | সভাপতি মহোদয় বলেন, অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে দ্বিপক্ষীয়, ত্রিপক্ষীয় সভা আয়োজনসহ প্রয়োজনীয় সকল ক্ষেত্রে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে অডিট আপত্তি নিষ্পত্তির গতি ত্বরান্বিত করতে হবে। | ক) উপসচিব (বাজেট)<br>খ) দপ্তর/সংস্থা |

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ২.৫ অনিষ্পন্ন বিষয় | মন্ত্রণালয়/দপ্তর-সংস্থার কাছে পেন্ডিং থাকলে তালিকা সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে। সমন্বয় শাখা উক্ত তালিকা সংশ্লিষ্ট শাখা কর্মকর্তার নিকট প্রেরণ করবে। অনিষ্পন্ন বিষয় সংক্রান্ত সর্বশেষ অগ্রগতি সংশ্লিষ্ট শাখা সমন্বয় সভায় উপস্থাপন করবেন। | এ মন্ত্রণালয়ের নিকট বিএমইটির অনিষ্পন্ন বিষয়াদির তালিকা প্রেরণ করা হয়েছে। উপসচিব (সংস্থা) এতদবিষয়ে প্রতিবেদন প্রেরণ করেছেন। (কপি সংযুক্ত)। | মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার মধ্যকার অনিষ্পন্ন বিষয়াদি পারস্পরিক নিবিড় যোগাযোগের মাধ্যমে দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে। | উপসচিব, সংস্থা শাখা ও দপ্তর/সংস্থা প্রধান |

**দপ্তর/সংস্থা :**

৩.০. জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) :

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| **১** | **২** | **৩** | **৪** | **৫** |
| ৩.১ মামলা সংক্রান্ত | ক) পদ সৃজনের বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের সর্বশেষ গৃহীত ব্যবস্থা পরবর্তী সভায় অবহিত করতে হবে। | বিএমইটির মহাপরিচালক বলেন, নিয়োগ, পদোন্নতি, রিক্রুটিং এজেন্সী ইত্যাদি বিষয়ে মামলার জট সৃষ্টি হয়েছে।তবে মামলা নিষ্পত্তির হার কম। সভাপতি মহোদয় মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার সকল মামলার বিস্তারিত তালিকা তৈরী করে তাঁর নিকট প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করেন। | জরুরীভিত্তিতে মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার বিরুদ্ধে রুজুকৃত সকল মামলার তালিকা সচিব মহোদয়কে সরবরাহ করতে হবে। | কর্মসংস্থান অনুবিভাগ ও দপ্তর/সংস্থা (সকল) |

ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড :

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| **১** | **২** | **৩** | **৪** | **৫** |
| ৪.১ বিদেশে মৃত কর্মীর সংখ্যা, বিদেশ থেকে | ক) কলসেন্টারে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি পর্যন্ত তদারকি করতে হবে। | মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড সভাকে জানান প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রামের সহযোগিতায় প্রবাস বন্ধু কল সেন্টার | কলসেন্টারে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তির লক্ষ্যে সকলকে | মহাপরিচালক ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড |

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| মৃতদেহ আনার সংখ্যা, ক্ষতিপূরণ দেওয়ার পরিমাণি ইত্যাদি সম্পর্কে আপডেট তথ্য প্রদান | | নামক পাইলট প্রকল্পটি বর্তমানে মালয়েশিয়া, সৌদি আরব ও জর্ডানে অবস্থানরত প্রবাসী বাংলাদেশী কর্মীদের অভিযোগ ও সমস্যা নিষ্পত্তির লক্ষ্যে কাজ করছে। এ পর্যন্ত প্রাপ্ত ১৩৫টি অভিযোগের মধ্যে ৭৬টি অভিযোগ নিষ্পত্তি হয়েছে। প্রকল্পটি সফল হলে স্থায়ীভাবে প্রবাসী বাংলাদেশী কর্মীদের জন্য কলসেন্টার স্থাপন করা হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। | আন্তরিকভাবে কাজ করতে হবে। | |
| ৪.২ মেডিকেল অফিসার নিয়োগ | ক) একজন খন্ডকালীন মেডিকেল অফিসার নিয়োগের বিষয়ে পরবর্তী বোর্ড সভায় উপস্থাপন করা যেতে পারে।<br>খ) নিয়মিত ইউটিলিটি বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিষয়টি সিদ্ধান্তের জন্য পরিচালনা বোর্ডের পরবর্তী সভায় উপস্থাপন করা হবে। বোর্ডের সিদ্ধান্ত হলে খন্ডকালীন ডাক্তার নিয়োগ দেয়া যাবে মর্মে মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড জানান। বিগত সভায় বিএমইটি ও মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিল, পানির বিল নিয়মিত পরিশোধের জন্য এবং বোয়েসেলকে নিয়মিত ভাড়া পরিশোধের অনুরোধ জানানো হয়। | ক) একজন খন্ডকালীন মেডিকেল অফিসার নিয়োগের বিষয়ে গৃহীত ব্যবস্থা পরবর্তী সভায় অবহিত করতে হবে।<br><br>খ) নিয়মিত ইউটিলিটি বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |

বোয়েসেল :

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| **১** | **২** | **৩** | **৪** | **৫** |
| ৫.১ বোয়েসেলের কার্যক্রম | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৭-১৮ এর লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মোতাবেক নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত বিদেশে অধিক সংখ্যক কর্মী প্রেরণের লক্ষ্যে শ্রমবাজার সম্প্রসারণ বিষয়ে বোয়েসেল ও বিএমইটি মন্ত্রণালয়ের সাথে নিবিড় যোগাযোগ অব্যাহত রাখছে। | বিদেশে অধিক কর্মী প্রেরণের লক্ষ্যে শ্রমবাজার সম্প্রসারণ বিষয়ে বোয়েসেল মন্ত্রণালয় ও বিএমইটির সাথে যোগাযোগ অব্যাহত রাখবে। | ব্যবস্থাপনা পরিচালক,বোয়েসেল |

প্রবাসী কল্যাণ ব্যাংক:

| আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| **১** | **২** | **৩** | **৪** | **৫** |
| ৬.১. প্রবাসী কল্যাণ ব্যাংকের কার্যক্রম | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং অর্থ মন্ত্রণালয়ের সাথে নিবিড় যোগাযোগ রাখতে হবে। | ব্যাংকটিকে বাণিজ্যিক ব্যাংকে রূপান্তরের ব্যাপারে অর্থ মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। ব্যবস্থাপনা পরিচালক জানান, ২০১৭-১৮ অর্থ বছরে সরকারের পক্ষ থেকে প্রবাসী কল্যাণ ব্যাংককে ২৫০ কোটি টাকা দেয়া যাবে বলে আশা করা যাচ্ছে। সভাপতি এ বিষয়ে যে কোন প্রকার সহযোগিতা প্রদানের জন্য ব্যাংক কর্তৃপক্ষকে আশ্বাস প্রদান করেন। | অর্থ মন্ত্রণালয়ের সাথে নিবিড় যোগাযোগ রাখতে হবে। | **ব্যবস্থাপনা পরিচালক,** প্রবাসী কল্যাণ ব্যাংক |

৭.১ বিবিধ :

নবাগত সচিব মহোদয় সভায় উপস্থিত সকলের উদ্দেশ্যে বলেন, আনন্দমুখর পরিবেশে সকল ধরনের কাজ এগিয়ে নিতে হবে। এ মন্ত্রণালয়ের অর্জনগুলোকে প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়াসমূহে ব্যাপক প্রচার প্রচারণা বৃদ্ধির জন্য তিনি এ মন্ত্রণালয়ের পিআরওকে সক্রিয় ভূমিকা পালনের জন্য অনুরোধ জানান। ই-নথি ব্যবস্থাপনা, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, জাতীয় শুদ্ধাচার কৌশল, মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন , ৭ম পঞ্চবার্ষিকী কর্মপরিকল্পনা, ই-সেবা সহজীকরণসহ সকল কাজকে গুরুত্বসহকারে বিবেচনা করে আন্তরিকতার সাথে কাজ করার জন্য তিনি সকলকে অনুরোধ জানান। সর্বোপরি, এ মন্ত্রণালয়ে ভারপ্রাপ্ত সচিব হিসেবে তাঁর সকল দায়িত্ব সুচারুভাবে সম্পন্ন করার জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন।

সভায় আর কোনও আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
তারিখঃ ০৭ /০৮/২০১৭
(ড. নমিতা হালদার এনডিসি)
ভারপ্রাপ্ত সচিব
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়